ঝিনাইদহে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সড়ক আলপনা

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঝিনাইদহে ২ কিলোমিটার সড়ক আলপনা আঁকা হয়েছে। বৃহস্পতিবার সকালে শহরের পায়রা চত্বরে আলপনা আঁকার উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এসময় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এনডিসি খায়রুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, স্বপ্নচারু আর্ট স্কুলের পরিচালক চিত্র শিল্পী শাহীন চারুদেশ, চিত্র শিল্পী শফিক মাহমুদ, নিধির বিশ্বাসসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসন ও স্বপ্নচারু আর্ট স্কুলের আয়োজনে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে পায়রা চত্বর, পায়রা চত্বর থেকে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর পর্যন্ত আলপনা আঁকার কাজ করা হয়। রং-তুলির আঁচড়ে ফুটিয়ে তোলা হয় একুশের চিত্র। এতে অংশ নেয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধ শতাধিক শিক্ষার্থী।

শিক্ষার্থী তথা বর্তমান প্রজন্মের মাঝে একুশের চেতনা ছড়িয়ে দিতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

মেপ্র/আরজেএম

ঝিনাইদহে সা’দ বিরোধীদের প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

মাওলানা সা’দ পন্থীদের জেলায় জেলায় ইজতেমা আয়োজনের প্রতিবাদে ঝিনাইদহে সমাবেশ ও বিক্ষোভ করেছে সা’দ বিরোধীরা।

মঙ্গলবার সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে জেলা ওলামা মাশায়েখ ও তৌহিদী জনতা এ প্রতিবাদ সভার আয়োজন করে।প্রতিবাদ সভায় জেলার ৬ উপজেলা থেকে আসা ওলামায়ে কেরাম ও তৌহিদ জনতার নেতারা উপস্থিত ছিলেন। এসময় বক্তরা বলেন, সা’দ পন্থীরা জেলায় জেলায় ইজতেমা করার ঘোষনা দিয়েছেন, এতে তাবলীগের মেহনতে বিশৃঙ্খলা সৃষ্টি করবে, ফেতনা সৃষ্টি করবে।

যা সঠিক আকিদায় বিশ্বাসি মুসল্লিগণ ও ওলামায়ে কেরামগণ মেনে নিবেন না। তারা জেলায় জেলায় ইতজেমা বন্ধ করার আহ্বান জানান।

সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে ডিসি অফিসের সামনে গিয়ে শেষ হয়। পরে তারা তাদের দাবি সম্বলিত স্বারকলিপি জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করে।

ঝিনাইদহে কসাসের বসন্ত ও পিঠা উৎসব

‘নবপুষ্পের কলরবে জাগিবো মোরা, বসন্তের কলতানে মাতিবে ধরা’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বসন্ত ও পিঠা উৎসব করেছে জয়বাংলা ইয়ুথ এ্যাওয়ার্ড প্রাপ্ত সংগঠন কথন সাংস্কৃতিক সংসদ (কসাস)। মঙ্গলবার দিনব্যাপি সরকারি কে সি কলেজ চত্বরে এ ব্যতিক্রমী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে পরিচ্ছন্ন কর্মীদের ৩০ জন সন্তানকে ফুল উপহার দেন অতিথিবৃন্দ। এসময় অনুষ্ঠিত আলোচনা সভায় কসাসের সভাপতি হাসানুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. বিএম রেজাউল করিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ অশোক কুমার মৌলিক, কেসি কলেজ শিক্ষক পরিষদের ভারপ্রাপ্ত সাধাণ সম্পাদক আব্দুর রশিদ, কসাস সাংস্কৃতিক সংসদের প্রধান উপদেষ্টা মিজানুর রহমান, কসাসের সাবেক সভাপতি উম্মে সায়মা জয়া, সাধারণ সম্পাদক প্রতাপ আদিত্য বিশ্বাসসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
এছাড়াও আয়োজন করা হয় পিঠা উৎসবের। এতে নানা প্রকার পিঠার পসরা সাজিয়ে স্টল প্রদর্শণ করেন শিক্ষার্থীরা। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। দুপুরে সুবিধা বঞ্চিত শিশুদের সাথে মধ্যহ্নভোজনে অংশ নেন অতিথি ও কসাসের নেতৃবৃন্দ।
সমাজের পিছিয়ে পড়া জনগোষ্টি পরিচ্ছন্ন কর্মীদের সন্তানদের সাথে আনন্দ ভাগাভাগি করে নিতেই এ আয়োজন বলে জানান আয়োজকরা।

ঝিনাইদহে মাদকসহ ২ জন আটক

ঝিনাইদহ সদর উপজেলার কালা-লক্ষীপুর এলাকা থেকে মাদকসহ ২ জনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার ভোররাতে সদর উপজেলার কালা-লক্ষীপুর এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো-চুয়াডাঙ্গার দামুড়হুদা এলাকার মিজানুর রহমানের ছেলে শাহিন হোসেন ও দর্শনার ছোট বলদিয়া গ্রামের আব্দুস সামাদের ছেলে মামুন মিয়া।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, নসিমন যোগে মাদক পাচার হচ্ছে এমন সংবাদে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের কালা-লক্ষীপুর এলাকায় চেকপোস্ট বসায় পুলিশ। এসময় চুয়াডাঙ্গা থেকে মাগুরাগামী একটি নসিমন তল্লাসী করে অভিনব কায়দায় লুকিয়ে রাখা ২৬ কেজি গাঁজা ও ৬০ বোতল ফেন্সিডিলসহ মামুন মিয়া ও শাহিন হোসেন নামের দুইজনকে আটক করা হয়। এ ঘটনায় সদর থানায় মামলা হয়েছে।

মেপ্র/আরজেএম

স্ত্রীর গায়ে আগুন ধরিয়ে সেই আগুনে পুড়লেন স্বামীও

ঝিনাইদহে স্ত্রী পিংকির (২০) গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দিয়েছেন স্বামী সৌরভ (২৭)। এতে আত্মরক্ষার্থে পিংকি তার স্বামীকে জাপটে ধরলে দুজনেই অগ্নিদগ্ধ হন। পরে গুরুতর অবস্থায় স্থানীয়রা তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

গত রবিবার বিকাল সাড়ে ৫টার দিকে পৌর শহরের নতুন হাটখোলা এলাকায় এ ঘটনা ঘটে।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, ঘটনাস্থল পরিদর্শনে পুলিশ জানতে পেরেছে- বেশ কিছুদিন আগে শহরের আদর্শপাড়া এলাকার সাত্তার মণ্ডলের ছেলে সৌরভের সঙ্গে একই এলাকার মুন্না বিহারীর মেয়ে পিংকির প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। একপর্যায়ে তাদের মধ্যে বিরোধ হলে ওই মেয়ে সৌরভের নামে থানায় মামলা করে।

পরে বিয়ের শর্তে মামলার মীমাংসা হওয়ার পর দুই মাস আগে তাদের বিয়ে হয়। এরপর থেকেই উভয়ের মধ্যে বিরোধ চলছিল।

এরই ধারাবাহিকতায় বিকালে স্ত্রীর কাছে দুই হাজার টাকা দাবি করে সৌরভ। এ নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে পিংকির গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয় সে। এ সময় আত্মরক্ষার্থে স্বামী সৌরভকে জাপটে ধরলে তার গায়েও আগুন লেগে যায়। পরে স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে।

তিনি বলেন, ‘এ ঘটনায় ওই মেয়ের পরিবারকে থানায় অভিযোগ দিতে বলা হয়েছে। পাশাপাশি আমরাও ঘটনাটির সঠিক অনুসন্ধান করছি।’

এ দিকে, সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. মুসলিমা স্বপ্নীল সাংবাদিকদের জানান ‘মেয়েটির শরীরের ৮০ শতাংশ অগ্নিদগ্ধ হয়েছে। ফলে তাকে ঢাকায় বার্ন ইউনিটে রেফার্ড করা হয়েছে। তবে তার স্বামীর শরীর তুলনামূলক কম পুড়েছে। হাসপাতালেই তার চিকিৎসা চলছে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে বাস-ট্রাকের সংঘর্ষে নিহত ১, আহত ১

ঝিনাইদহ সদর উপজেলার নগরবাথান বাজারে বাস-ট্রাকের সংঘর্ষে আমির হামজা (১৫) নামের এক কিশোর বাসের হেলপার নিহত হয়েছে। আহত হয়েছে আরো একজন।

বৃহস্পতিবার বিকালে এ দুর্ঘটনা ঘটে। নিহত আমির হামজা সদরের লেবুতলা গ্রামের আসাদুল ইসলামের ছেলে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার দিলীপ বড়ুয়া জানান, চুয়াডাঙ্গা থেকে ফুলজান নামের একটি যাত্রীবাহি বাস ঝিনাইদহ আসছিল। ঝিনাইদহের নগরবাথান এলাকায় পৌঁছালে দাড়িয়ে থাকা একটি ট্রাকের পেছনে বাসটি সজরে ধাক্কা দিলে বাসের হেলপারসহ ২ জন আহত হয়। পরে খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসক একজনকে মৃত ঘোষনা করে। আহত তৈয়ব আলী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

আরো পড়ুন – ১৭ জনকে নিয়োগ দেবে বাংলাদেশ লেবার ফাউন্ডেশন

ঝিনাইদহে ফার্মেসিতে ভ্রাম্যমান আদালতের অভিযানে জরিমানা আদায়

মেয়াদোত্তীর্ণ ঔষধ খেলে স্বাস্থের ক্ষতি করেনা- মন্তব্য ঝিনাইদহে ঔষধ প্রশানের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান

মেয়োদোত্তীর্ণ ঔষধ ৬ মাস বা এক বছর পর্যন্ত খেলে তা স্বাস্থের জন্য কোন ক্ষতি করেনা। এটি মেডিকেল টেস্টে প্রমানিত।

মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবেনা এর কোন বিধান নেই বলে জানিয়েছেন ঝিনাইদহ ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক
মো: নাজমুল হাসান। আজ বুধবার সকালে ঔষধ ফার্মেসীতে জেলা প্রশাসনের ভ্রাম্যমান আদালত পরিচালনা কালে তিনি এ কথা বলেন।

তবে বিষয়টি নিয়ে ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, কোন ক্রমেই মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবেনা।

মেয়াদ শেষ হলে ঔষধ যে উপাদান দিয়ে তৈরি হয় তার গুনগতমান নষ্ট হয়ে যায়। যা খেলে মানবস্বাস্থের জন্য মারাত্নক ক্ষতির কারন হতে।

এমনকি পার্শ্বপ্রতিক্রিয়ায় মৃত্যু পর্যন্ত হতে পারে। কোন ঔষধের মেয়াদ কবে শেষ হবে, কতদিন গুণগতমান থাকবে তা কোম্পানীগুলো দেখেই তৈরি করে। ঔষধ প্রশাসন কর্মকর্তা কিভাবে কোন নির্দেশনায় মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবে বলেছেন সেটা আমার বোধগম্য না।

জানা যায়, প্রায় এক মাস যাবৎ জেলা শহরের বিভিন্ন ঔষধ ফার্মেসীতে পূর্বের ৫% বা ৭% কমিশনে ঔষধ বিক্রি বন্ধ করে দেয়
বিক্রেতারা। পরে তারা কোম্পানীর এমআরপি রেটে বিক্রি শুরু করে যা কিনতে গিয়ে অনেকটা নাভিশ্বাস ওঠে ক্রেতাদের মধ্যে।

এসব অভিযোগের প্রেক্ষিতে আজ বুধবার শহরের মাসুদ ফার্মা, তাজমহল, আক্তার, পান্না, নিউ সালেহা, সিদ্দিক, আলহেরাসহ প্রায়
১৫ টি ফার্মেসীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে।

এদের মধ্যে ৩ মাসুদ ফার্মা, তাজমহল ও আক্তার ফার্মেসীতে ১২ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইরফানুল হক।

এসময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, জেলা ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান উপস্থিত ছিলেন।

ভ্রাম্যমান আদালতের বিচারক ইরফানুল হক জানান, সরকারী নির্দেশনা না থাকলেও ফার্মেসীতে কমিশন বাদে এমআরপি রেটে ঔষধ বিক্রি হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়।

ঘটনার সত্যতা পেয়ে এবং মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখায় শহরের মাসুদ ফার্মাকে ২ হাজার, আক্তার ফার্মেসীকে ৫ হাজার ও তাজমহল ফার্মেসীকে ৫ হাজার টাকা জারিমানা করা হয়। সেসময় বাকিদেরকে সতর্ক করা হয়েছে ভবিষ্যতে যেন এমন অনিয়ম না করা
হয়।
তিনি আরো জানান, ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান যে মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবে বলেছেন তা
তাকে প্রমাণ করতে হবে। এদিকে ক্ষুব্ধ সাধারন মানুষ অভিযোগ করে বলেন, দীর্ঘদিন এমন ইচ্ছামত বিক্রেতারা ঔষুধ বিক্রি করে আসছে কিন্তু ঔষধ প্রশাসন কোন তদারকি করেনা।

ঢাকাসহ পাশ্ববর্তি বিভিন্ন জেলায় ৫%, ৭ %, ১০ % হারে ◌্ধসঢ়;ওষূধ বিক্রি হচ্ছে কিন্তু ঝিনাইদহে এর ব্যতিক্রম। সরকারের উচিত উপর মহল থেকে এর তদারকি করা এবং যারা এর সাথে জড়িত তাদের শাস্তির আওতায় আনা।

এ বিষয়ে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, ঔষধ প্রশাসনের সহকারী পরিচালকের মন্তব্য খতিয়ে দেখা হচ্ছে। যদি তিনি আইন না মেনে মন্তব্য করে থাকেন তবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে স্কুল শিক্ষকের রমরমা কোচিং বাণিজ্য

স্কুল শিক্ষকদের কোচিং বাণিজ্য নিষিদ্ধ করলেও ঝিনাইদহে এক স্কুল শিক্ষকের চলছে রমরমা কোচিং ব্যবসা।

ঝিনাইদহ শহরের কাঞ্চন নগর মডেল স্কুল এন্ড কলেজের ব্যবসায় শিক্ষা বিভাগের সহকারী শিক্ষক রিগান মাহমুদ পুরোদমে চালিয়ে যাচ্ছে রমরমা কোচিং বাণিজ্য। প্রতিদিন ৬ব্যাচে ৪০জন করে ২০০ থেকে ২৫০জন ছাত্র নিয়ে চলে কোচিং বাণিজ্য।

প্রতিদিন সকালে ও বিকালে শহরের আদর্শ পাড়ার রফির মিলের পাশে রয়েছে তার বড় কোচিং সেন্টার। এস,এস,সিসহ সকল পাবলিক পরীক্ষার সময় দেশের সকল কোচিং সেন্টার বন্ধ থাকার কথা থাকলেও তিনি কোচিং বন্ধ করেননি। সরেজমিনে দেখতে গেলে দেখা যায় ৪০/৪৫ জন ছাত্র নিয়ে কোচিং চালিয়ে যাচ্ছে।

এ ব্যাপারে রিগান মাহমুদের কাছে জানতে চাইলে তিনি বলেন প্রধান শিক্ষকের অনুমতি সাপেক্ষে এই কোচিং পরিচালিত হচ্ছে।

এব্যাপারে কাঞ্চন নগর মডেল স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক প্রদিপ কুমার বিশ্বাসের কাছে জানতে চাইলে তিনি বলেন আমি কোন অনুমতি দেয়নি এবং স্কুলে রেজুলেশন করে সকল শিক্ষককে কোচিং না চালানোর জন্য বলে দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন যদি কেউ কোচিং চালাই আমি জানতে পারলে তাকে সোকচ করা হবে।

ঝিনাইদহে স্ত্রী হত্যা মামলায় স্বামীর ফাঁসির আদেশ

ঝিনাইদহে স্ত্রী হত্যার দায়ে স্বামীকে ফাঁসির আদেশ দিয়েছে আদালত। মঙ্গলবার দুপুরে ঝিনাইদহের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের (জেলা ও দায়রা জজ) বিচারক সিএমএ আলিম আল রাজী এ রায় দেন।

দন্ডিত দিদার লস্কার শৈলকুপা উপজেলার রাজনগর গ্রামের মৃত মকলেছুর রহমানের ছেলে। দন্ডপ্রাপ্ত আসামী পলাতক রয়েছে।

মামলার বিবরণে জানা যায়, ২০১২ সালের ২৮ সেপ্টেম্বর দিদার লস্কার যৌতুকের দাবিতে তার স্ত্রী শিলা খাতুনকে শ্বাসরোধ করে হত্যা করে। এমন খবর পেয়ে শিলা খাতুনের পরিবারের লোকজন দিদারের বাড়িতে গিয়ে দেখতে পান তার মৃতদেহ পড়ে আছে। স্বামী দিদার লস্কার তার পুত্র সন্ত্রানকে নিয়ে পালিয়েছে। খবর পেয়ে পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্যে মর্গে পাঠায়।

এ ঘটনায় মৃত্যুর পরদিন ২০১২ সালের ২৯ সেপ্টেম্বর নিহতের মা হাসিনা বেগম বাদী হয়ে ৩ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করে। দীর্ঘ তদন্ত ও শুনানী শেষে ১নং আসামী দিদার লস্কারকে দোষী প্রমাণিত হওয়ায় আদলত তাকে ফাঁসির আদেশ প্রদান করেন। বাকী ২ আসামীকে আনীত অভিযোগ প্রমানিত না হওয়ায় তাদের এ মামল্ ◌াহতে খালাস প্রদান করা হয়।

আরো পড়ুন – ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ অবরুদ্ধ

ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল

[illegible]

[illegible] — 11-02-2020